# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## Chittagong University of Engineering & Technology

# ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ: ২০২৫-২৬

## Admission Test
## Session: 2025-26

# ভর্তি নির্দেশিকা

## (Admission Prospectus)

**Website: https://admissioncuet.ac.bd**

## -:২০২৫-২৬ শিক্ষাবর্ষের লেভেল-১ স্নাতক কোর্স এ ভর্তি বিষয়ক তথ্যাবলী: -

### ১। উপক্রমণিকা:

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ (চার) বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বছর মেয়াদী লেভেল-১ স্নাতক কোর্স এ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ১৭ জানুয়ারী, ২০২৬ খ্রি. তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাস্থান এবং প্রার্থীর পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য বিভাগ নির্ধারিত হবে। ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

### ২। আসন সংখ্যা:

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ বিভিন্ন অনুষদের অধীনে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ (চার) বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক কোর্সে ডিগ্রী প্রদান করা হয় যার আসন সংখ্যা নিচে দেওয়া হলো।

| Sl. No. | Name of the Department | Code of the Department | No. of Seats |
|---|---|---|---|
| 1. | Architecture | ARCH | 30 |
| 2. | Biomedical Engineering | BME | 30 |
| 3. | Civil Engineering | CE | 130 |
| 4. | Computer Science and Engineering | CSE | 130 |
| 5. | Electrical and Electronic Engineering | EEE | 180 |
| 6. | Electronics and Telecommunication Engineering | ETE | 60 |
| 7. | Materials and Metallurgical Engineering | MME | 30 |
| 8. | Mechanical Engineering | ME | 180 |
| 9. | Mechatronics and Industrial Engineering | MIE | 30 |
| 10. | Petroleum and Mining Engineering | PME | 30 |
| 11. | Urban and Regional Planning | URP | 60 |
| 12. | Water Resources Engineering | WRE | 30 |
| **Total No. of Seats:** | | | **920** |

সর্বমোট ৯২০ টি আসন। এ ছাড়াও রাখাইন সম্প্রদায়ের জন্য ১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে।

### ৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা:

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২২ ইং অথবা ২০২৩ ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৫ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৪.০০ এবং ইংরেজী বিষয়ে কমপক্ষে 'B' গ্রেড পেতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ন প্রার্থীকে উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঘ) প্রার্থীকে GCE 'O' এবং GCE 'A' লেভেল উত্তীর্ন হয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। প্রার্থীকে ২০২৪ ইং সালের নভেম্বর বা তার পরে GCE 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে 'B' গ্রেড পেতে হবে।

(ঙ) প্রার্থীকে কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৫ ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% বা সমমানের গ্রেড পেতে হবে।

**৪। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী:**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফরম কেবল অনলাইনে পূরণ করা যাবে। আবেদন সম্পন্ন করার জন্য প্রার্থীদের সদ্য তোলা রঙিন ছবি (অনধিক তিন মাস, (300×300 pixel, 300 kB maximum) ও একটি স্বাক্ষর (300×80 pixel, 100 kB maximum) এর soft কপি (jpg format) প্রয়োজন হবে। ভর্তি পরীক্ষার আবেদনের জন্য নির্ধারিত ফি প্রদান করতে হবে যা Debit Card/Credit Card/Mobile Banking অথবা Internet Banking-এর মাধ্যমে প্রদান করা যাবে।

**আবেদনপত্র সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:**

**ধাপ-১:** প্রথমে **https://admissioncuet.ac.bd** ওয়েবসাইটে প্রবেশ করতে হবে। নতুন আবেদনকারীদের জন্য **Eligibility Check & Apply** বাটনে ক্লিক করতে হবে। এই বাটনে ক্লিক করার মাধ্যমে আবেদনের যোগ্যতা যাচাই করতে হবে।

**ধাপ-২:** এই ধাপে শিক্ষার ধরণ নির্বাচন করতে হবে। উপলব্ধ অপশনগুলোর মধ্যে রয়েছে: **HSC/Alim/Equivalent, GCE 'O' Level & 'A' Level** অথবা **Bangladeshi National (Foreign Institutions)** । এইচএসসি/আলিম/সমমান উত্তীর্ণ আবেদনকারীদের জন্য **HSC/Alim/Equivalent** বাটনে ক্লিক করতে হবে।

**ধাপ-৩:** যাচাই-বাছাই এর নিমিত্তে সতর্কতার সাথে বোর্ড, পাশের সাল, এসএসসি ও এইচএসসি এর রোল নং এবং রেজিস্ট্রেশন নং পূরণ করে **Check** বাটনে ক্লিক করতে হবে। সঠিক তথ্য প্রদান করা আবশ্যক, কারণ এই তথ্যের ভিত্তিতেই আবেদনযোগ্যতা যাচাই করা হবে। যদি আবেদনযোগ্যতা নিশ্চিত করা হয়, তবে **Apply Now** বাটনটি প্রদর্শিত হবে। এই বাটনে ক্লিক করলে আবেদনপত্র পূরণের পরবর্তী ধাপে নিয়ে যাওয়া হবে।

**ধাপ-৪:** যোগ্য বিবেচিত হলে **Apply Now** বাটনে ক্লিক করতে হবে। অতঃপর Admission website এ নিজস্ব মোবাইল নম্বর ব্যবহার করে প্রাপ্ত **OTP** এর মাধ্যমে **Login ID (HSC Registration No.)** এবং **Password set** করে **Existing User** হিসেবে System এ নিবন্ধিত হতে হবে। **পরবর্তী যেকোনো যোগাযোগের জন্য উক্ত মোবাইল নম্বর ব্যবহৃত হবে বিধায় নম্বরটি দেওয়ার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং নম্বরটি কোনোভাবেই পরিবর্তন করা যাবে না।**

**ধাপ-৫: অ্যাকাউন্ট তৈরি হওয়ার পরে এইচএসসি রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে অ্যাকাউন্টে লগইন করতে হবে।** লগইন করার পর একটি আবেদন ফর্ম প্রদর্শিত হবে। এখানে আবেদনকারীর সকল প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে। গ্রুপ "ক" বা "খ" নির্বাচন করতে হবে। **Quota** প্রার্থীদের এই ধাপে তার জন্য প্রযোজ্য **Quota select** করতে হবে এবং **Quota select** করলে **Quota** সংশ্লিষ্ট প্রমাণপত্র jpg format এ upload করতে হবে। কোটা প্রযোজ্য না হলে **No Quota** অপশন নির্বাচন করতে হবে। উপরে বর্ণিত নির্দেশনা মতে আবেদনকারীর সদ্যতোলা (অনধিক ৩ মাস) রঙিন ছবি এবং স্বাক্ষর upload করতে হবে। ফর্মটি পূরণ শেষে Submit বাটনে ক্লিক করতে হবে।

**ধাপ-৬:** সকল তথ্যাদি পূরণ সাপেক্ষে আবেদনকারী একটি Application Preview দেখতে পাবে। **EDIT APPLICATION** বোতামে ক্লিক করে আবেদনপত্রে প্রদানকৃত তথ্য সংশোধন করা যাবে। সঠিক তথ্য নিশ্চিত করার পর **I Confirm** check box এ ক্লিক করতে হবে। এরপর **Pay Now** বাটনে ক্লিক করে আবেদন ফি পরিশোধ করা যাবে অথবা **Save & Pay Later** বাটনে ক্লিক করে পরবর্তী সময়ে ফি পরিশোধ করা যাবে।

**ধাপ-৭:** ফি পরিশোধের জন্য **Pay Now** বাটনে ক্লিক করার পর পেমেন্ট গেটওয়েতে প্রবেশ করতে হবে। এখানে বিভিন্ন পেমেন্ট পদ্ধতি দেখানো হবে (Debit Card/Credit Card/Mobile Banking অথবা Internet Banking), যেখান থেকে একটি পেমেন্ট পদ্ধতি নির্বাচন করে নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদন ফি পরিশোধ করতে হবে। সফলভাবে ফি পরিশোধের পর **Payment is successful** দেখাবে। আবেদনকারী তার পেমেন্ট রশিদ এবং আবেদনপত্রের কপি Download করতে পারবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ বাদে) |
|---|---|---|
| "ক" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ১২০০/- (এক হাজার দুই শত) টাকা |
| "খ" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১৪০০/- (এক হাজার চার শত) টাকা |

**বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা অথবা GCE 'O' Level এবং GCE 'A' Level পাশ করা ছাত্র-ছাত্রীদের জন্য:**

- বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা অথবা GCE 'O' Level এবং GCE 'A' Level পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবে। এক্ষেত্রে Admission Portal এ **Eligibility Check & Apply** বাটনে ক্লিক করে **GCE 'O' Level & 'A' Level / Bangladeshi National (Foreign Institutions)** অপশন সিলেক্ট করতে হবে।
- এরপর প্রার্থীকে নিজস্ব মোবাইল নম্বর ব্যবহার করে প্রাপ্ত **OTP** এর মাধ্যমে ভেরিফাই করে **Login ID** (ভেরিফাইড মোবাইল নম্বর) এবং **Password** set করে **Existing User** হিসেবে System এ নিবন্ধিত হতে হবে।
- মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে সিস্টেমে লগইন করার পর সুনির্দিষ্ট আবেদন ফর্ম প্রদর্শিত হবে এবং প্রার্থীকে সকল প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক GCE 'O' Level এবং GCE 'A' Level বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীটের Scanned copy zip file আকারে upload করতে হবে।

- এরপর **Pay Now** বাটনে ক্লিক করার পর পেমেন্ট গেটওয়েতে (Debit Card/Credit Card/Mobile Banking অথবা Internet Banking) যেকোনো একটি পেমেন্ট পদ্ধতির মাধ্যমে ফি পরিশোধ সম্পন্ন করতে হবে। সফলভাবে ফি পরিশোধের পর **Payment is successful** দেখাবে। আবেদনকারী তার পেমেন্ট রিসিট এবং আবেদনপত্রের কপি Download করতে পারবে।

**<u>প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ:</u>**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের পর আবেদনকারীকে https://admissioncuet.ac.bd এ গিয়ে Admission portal এ Login করতে হবে। এখান থেকে Admit card এর pdf download করা যাবে। উক্ত Admit card টি A4 size এর সাদা কাগজে রঙিন প্রিন্ট নিতে হবে। প্রবেশপত্র (Admit card) ব্যতীত কোন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

**<u>বিশেষ দ্রষ্টব্য:</u>**

- অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সতর্কতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।
- নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।
- একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না এবং পরিবর্তন বা প্রত্যাহারের জন্য কোন টাকা ফেরৎ দেয়া হবে না।
- অনলাইনে আবেদন ফি পরিশোধ অথবা আবেদন সংক্রান্ত সমস্যার জন্য নিম্নলিখিত মোবাইল নম্বরসমূহে (সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা) এবং admission.support@cuet.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।
  **আবেদন ফি পরিশোধ সংক্রান্ত সমস্যা:** SSL Helpline: 16444, bKash: 16247, 01781426532
  **অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যা:** 01759123148, 01759123103
- ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে উপরে উল্লিখিত মোবাইল নম্বরসমূহে এবং ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৫। **ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী:**

<table>
<tr><td>(ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু:</td><td colspan="3">১৫ ডিসেম্বর ২০২৫ ইং, সোমবার, সকাল ০৯:০০ ঘটিকা থেকে</td></tr>
<tr><td>(খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ:</td><td colspan="3">৩১ ডিসেম্বর ২০২৫ ইং, বুধবার, রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td>(গ) অনলাইনে আবেদন ফি প্রদান শেষ:</td><td colspan="3">০১ জানুয়ারী ২০২৬ ইং, বৃহস্পতিবার, রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td>(ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও নামের তালিকা প্রকাশ:</td><td colspan="3">০৬ জানুয়ারী ২০২৬ ইং, মঙ্গলবার</td></tr>
<tr><td>(ঙ) প্রবেশপত্র ডাউনলোড শুরু:</td><td colspan="3">১২ জানুয়ারী ২০২৬ ইং, সোমবার, সকাল ১০:০০ ঘটিকা থেকে</td></tr>
<tr><td>(চ) পরীক্ষা কেন্দ্র:</td><td colspan="3">চুয়েট ক্যাম্পাস ও চট্টগ্রাম শহর</td></tr>
<tr><td rowspan="3">(ছ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:<br>(গ্রুপ 'ক' এবং গ্রুপ 'খ' এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ 'খ' এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্তভাবে মুক্তহস্ত অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হবে।</td><td>গ্রুপ "ক"</td><td>গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td>১৭ জানুয়ারী ২০২৬ ইং তারিখ (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা</td></tr>
<tr><td rowspan="2">গ্রুপ "খ"</td><td>গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td>১৭ জানুয়ারী ২০২৬ ইং তারিখ (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা</td></tr>
<tr><td>মুক্তহস্ত অঙ্কন</td><td>১৭ জানুয়ারী ২০২৬ ইং তারিখ (শনিবার)<br>দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ০১:৪৫ ঘটিকা</td></tr>
<tr><td colspan="3">(জ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিভাগ পছন্দ ক্রম প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ:</td><td>৩১ জানুয়ারী ২০২৬ ইং, শনিবার</td></tr>
<tr><td colspan="4">(ঝ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) প্রকাশ করা হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।</td></tr>
</table>

**<u>বিশেষ দ্রষ্টব্য:</u>**

- ৩১ ডিসেম্বর ২০২৫ ইং, বুধবার, রাত ১১.৫৯ ঘটিকায় অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।
- উপর্যুক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) পাওয়া যাবে।
- বিশেষ পরিস্থিতিতে ৫ নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) প্রকাশ করা হবে।

## ৬। ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণ:

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে মোট প্রাপ্ত গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধাতালিকা তৈরী করা হবে। গ্রেড পয়েন্ট একই হলে পর্যায়ক্রমে পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতের মোট নম্বর, পদার্থবিজ্ঞান ও রসায়নের মোট নম্বর, পদার্থবিজ্ঞানের নম্বর এবং রসায়নের নম্বরের ভিত্তিতে মেধাস্থান নির্ধারন করা হবে। এই মেধাতালিকা হতে প্রথম ১৬,০০০ (ষোল হাজার) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ১৬,০০০ (ষোল হাজার) তম সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য যে, আবেদনকারীদের মধ্যে যারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য বলে বিবেচিত হবে না তাদেরকে Admission Portal বাটনে Login করে click করতঃ ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন সাপেক্ষে প্রসেসিং ফি বাদ দিয়ে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

(খ) ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত সকল যোগ্য আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে।

(গ) ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে সংরক্ষিত আসনের সকল যোগ্য আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

(ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) দেয়া হবে। প্রার্থী নিজ দায়িত্বে তা জেনে নেবে।

## ৭। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী:

(ক) দু'টি গ্রুপ ("ক" ও "খ") এর ভর্তি পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।
**গ্রুপ "ক"** : ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ।
**গ্রুপ "খ"** : ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ।

(খ) ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপ:

| বিভাগ | বিষয় | পাঠ্যসূচী |
|---|---|---|
| গ্রুপ "ক" ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | গণিত | ২০২৫ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী |
| | পদার্থবিজ্ঞান | |
| | রসায়ন | |
| | ইংরেজী | Functional English |
| গ্রুপ "খ" ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | গণিত | ২০২৫ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী |
| | পদার্থবিজ্ঞান | |
| | রসায়ন | |
| | ইংরেজী | Functional English |
| | মুক্তহস্ত অঙ্কন (Free-hand Drawing) - শুধুমাত্র স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য। | |

(গ) "ক" ও "খ" উভয় গ্রুপের জন্য ২ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী মোট ৫০০ নম্বরের Multiple Choice Question **(MCQ)** পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়াও "খ" গ্রুপের জন্য অতিরিক্ত ১ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের মুক্তহস্ত অঙ্কন (Free-hand Drawing) সহ মোট ৭০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয়, প্রশ্নের সংখ্যা এবং বিষয়সমূহের পূর্ণমান নিম্নবর্ণিত ছকে দেয়া হলো:

| গ্রুপ "ক" | | | গ্রুপ "খ" | | |
|---|---|---|---|---|---|
| বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর |
| গণিত | ২৫ | ১৫০ | গণিত | ২৫ | ১৫০ |
| পদার্থবিজ্ঞান | ২৫ | ১৫০ | পদার্থবিজ্ঞান | ২৫ | ১৫০ |
| রসায়ন | ২৫ | ১৫০ | রসায়ন | ২৫ | ১৫০ |
| ইংরেজী | ২৫ | ৫০ | ইংরেজী | ২৫ | ৫০ |
| | মোট নম্বর | ৫০০ | মুক্তহস্ত অঙ্কন | ৪ | ২০০ |
| | | | | মোট নম্বর | ৭০০ |

## ৮। ভর্তি পরীক্ষা গ্রহণের নিয়মাবলী:

(ক) ২০২৫ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়ে যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল এবং ইংরেজী (Functional English) এর উপর ভিত্তি করে গ্রুপ "ক" ও "খ" এর জন্য Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ "খ" এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্তভাবে মুক্তহস্ত অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নেসমুহের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা হবে।

(গ) OMR Sheet এ একই প্রশ্নের উত্তরে একাধিক বৃত্ত ভরাট করলে ভুল উত্তর বলে গণ্য হবে।

(ঘ) OMR Sheet এ শুধু কালো কালির বল পয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না। মুক্তহস্ত অঙ্কনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।

(ঙ) গ্রুপ "খ" এর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ উত্তরপত্র জমা দিবে। এরপর একই আসনে মুক্তহস্ত অঙ্কন দুপুর ১২:৪৫ ঘটিকায় শুরু হবে।

(চ) মোবাইল ফোন, **স্মার্ট ওয়াচ বা অন্য যেকোনো ডিজিটাল ডিভাইস**, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

(ছ) পরীক্ষার হলে অসুদপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘন্টা অতিবাহিত না হলে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

**(জ) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার ডাউনলোডকৃত প্রবেশপত্রের হার্ডকপি (Color Print) অবশ্যই সঙ্গে আনতে হবে।**

(ঝ) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র কলম, পেন্সিল, ইরেজার (Eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ ২(দুই) টি ক্যালকুলেটর পরীক্ষার হলে ব্যবহার করতে পারবে।**

**List of Acceptable Calculators during Admission Test**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| CANON | F200 | F401 | F402 | F500 | F501 | F502 |
| | F601 | F602 | F604 | F612 | F720 | |
| CASIO | FX82 SUPER | FX82MS | | | | |
| | FX100MS | FX100 ES | FX100 ES PLUS | | | |
| | FX115MS | | | | | |
| | FX570MS | FX570ES | FX570 ES PLUS | FX570W | | |
| | FX911MS | FX911S | | | | |
| | FX991D | FX991ES | FX991 ES PLUS | FX991H | FX991MS | |
| | FX992S | FX991EX | FX991CW | | | |
| SHARP | EL506L | EL506R | EL506V | EL509G | EL509L | EL509R |
| | EL509V | EL510R | EL520G | EL520L | | |
| | EL531GH | EL531LH | EL531P | EL531RH | EL531V | EL531VB |
| | EL531VH | EL546G | EL546L | EL546R | EL546VA | |
| | EL553 | EL556G | EL556L | | | |
| TEXAS INSTRUMENTS | BA REAL ESTATE | BA35SOLAR | BAIIPLUS | | | |
| | TI 25STAT | TI 30 Challenger | TI 30X | TI 30XA | TI 30X SOLAR | TI-30XIIS |
| | TI-30XIIB | TI 32 Xplorer PLUS | TI 34 | TI 35X | TI 36 SOLAR | TI 36X SOLAR |

## ৯। ভর্তির ন্যূনতম যোগ্যতা:

(ক) শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধাস্থান নির্ধারন করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য অভিন্ন একটি মেধাতালিকা এবং স্থাপত্য বিভাগের জন্য পৃথক একটি মেধাতালিকা প্রকাশ করা হবে।

(খ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত নম্বরের এবং স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অঙ্কন, গণিত, পদার্থবিজ্ঞান রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

(গ) সংরক্ষিত আসনে ভর্তির জন্য ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা মেধাতালিকা প্রকাশ করা হবে। তবে প্রতি বিভাগে মেধাস্থান ও পছন্দ ক্রমানুসারে সর্বাধিক ২(দুই) জনকে ভর্তি করা হবে।

## ১০। ভর্তিচ্ছু প্রার্থীর বিভাগ নির্বাচনের নিয়মাবলী:

(ক) মেধাতালিকার ভর্তিচ্ছু সকল প্রার্থীদের কাছ থেকে অনলাইনে ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd) এর মাধ্যমে একবারই পছন্দক্রম গ্রহণ করা হবে যা পরবর্তীতে আর কোনোভাবেই পরিবর্তন করা যাবে না। অনলাইনে পছন্দক্রম দেওয়ার বিস্তারিত নির্দেশনা ফলাফল প্রকাশের সময় ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে জানানো হবে।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মেধাস্থান এবং প্রার্থীদের পছন্দক্রম অনুসারে ভর্তিকৃত প্রার্থীদের বিভাগ নির্ধারণ করা হবে।

(গ) ভর্তির নিয়মাবলী মেনে মেধাতালিকা অনুযায়ী ঘোষিত নির্ধারিত দিনে সাধারণ প্রার্থীদের ও সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি করানো হবে। ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা পরবর্তী ভর্তির নির্ধারিত তারিখের আগেই জানিয়ে দেওয়া হবে।

(ঘ) ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহের জন্য পছন্দক্রম জমা দিতে হবে। যদি কোনো প্রার্থী ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহে ভর্তি হওয়ার পর স্থাপত্য বিভাগে ভর্তি হতে চায়, তাহলে তাকে ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহের ভর্তি বাতিল করে স্থাপত্য বিভাগে ভর্তি হতে হবে। পরবর্তীতে সে প্রার্থী আর ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহে ভর্তির জন্য বিবেচিত হবে না। অনুরূপভাবে, কোনো প্রার্থী স্থাপত্য বিভাগে ভর্তি হওয়ার পর যদি ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহে ভর্তি হতে চায়, তাহলে তাকে স্থাপত্য বিভাগের ভর্তি বাতিল করে ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহে ভর্তি হতে হবে। পরবর্তীতে সে প্রার্থী আর স্থাপত্য বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না। উভয়ক্ষেত্রে প্রার্থীকে ভর্তি সংক্রান্ত ফি দ্বিতীয়বার দেওয়ার প্রয়োজন হবে না।

(ঙ) এ পদ্ধতিতে আসন পূর্ণ না হওয়া সাপেক্ষে ওরিয়েন্টেশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিলজনিত কারণে কোনো আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে অটোমাইগ্রেশন চলবে। কোন প্রার্থী তার পছন্দমত বিভাগ প্রাপ্ত হলে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। উল্লেখ্য যে, একবার অটোমাইগ্রেশন বন্ধ করা হলে, পরবর্তীতে আর চালু করা যাবে না।

(চ) প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করবে।

(ছ) ভর্তিকৃত কোনো প্রার্থী ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের ৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে এবং ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে চাইলে তা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে। তবে সকল ক্ষেত্রেই জমাকৃত ভর্তির টাকা ফেরত দেওয়া হবে না।

## ১১। যোগ্য প্রার্থীদের ভর্তির নিয়মাবলী:

মেধাতালিকার ভর্তিচ্ছু সকল প্রার্থীকে https://admissioncuet.ac.bd এ গিয়ে Admission portal এ Login করে ভর্তির জন্য নির্ধারিত ফরম পূরণ করতে হবে, বিভাগের পছন্দক্রম প্রদান করতে হবে এবং ভর্তির নির্ধারিত দিনে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**(ক) প্রার্থীদের ভর্তির সময় নিরীক্ষা কমিটির নিকট যে সকল ডকুমেন্টস জমা দিতে হবে**

- **i.** শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।
- **ii.** মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
- **iii.** মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট।
- **iv.** উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট।
- **v.** শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল প্রশংসাপত্র।
- **vi.** সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত ব্যতীত)।
- **vii.** ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
- **viii.** সংরক্ষিত আসনে ভর্তির জন্য:
  রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমাণ স্বরূপ (১) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (২) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ২(দুই)টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে। এছাড়াও যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত উপজাতীয়তার প্রমাণের সার্টিফিকেট (প্রযোজ্যক্ষেত্রে) প্রদান করতে হবে।

**(খ)** প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

**(গ)** স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে মূল গ্রেডশীট এবং মূল সনদপত্রসমূহ অবশ্যই দুই বছরের জন্য জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরত পাওয়া যাবে।

**(ঘ)** নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাশ শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে ভর্তি ও পরবর্তীতে ক্লাশ শুরু সম্বন্ধে সকল তথ্য জেনে নেবে। এতদ্সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissioncuet.ac.bd) পাওয়া যাবে।

## ১২। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া:

ভর্তিচ্ছু বিদেশী শিক্ষার্থীদের অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত নীতিমালা, তথ্যাদি এবং নির্দেশিকা www.cuet.ac.bd/fsc এ পাওয়া যাবে। নির্দেশিকা অনুসরন পূর্বক আবেদন করতে হবে। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করা যাবে। আবেদনপত্রসমূহ **১৫ এপ্রিল ২০২৬ইং** তারিখের মধ্যে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ পৌঁছাতে হবে।

## ১৩। ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিল:

**(ক)** প্রার্থীর জন্য ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

(খ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

(গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে ভুল প্রমানিত হলে ভর্তি এবং ছাত্রত্ব বাতিল হবে।

**১৪। স্বাস্থ্য পরীক্ষা:**

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে Blood Group Test এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট মেডিক্যাল বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা করতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissioncuet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করা যেতে পারে।

**১৫। সংরক্ষিত আসন:**

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ রাখাইন সম্প্রদায়ের জন্য ১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে। সংরক্ষিত আসনে ভর্তির জন্য অনুচ্ছেদ-৯(গ) এ বর্ণিত মেধাক্রম অনুসারে যোগ্যতা থাকতে হবে। **উল্লেখ্য, ভর্তির জন্য অন্য কোনো আসন সংরক্ষিত নেই।**

**১৬। আবাসিক হলের আসন:**

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এ ছাত্রদের ৬ টি এবং ছাত্রীদের ৩টি আবাসিক হল আছে। লেভেল-১ স্নাতক কোর্সে ভর্তিকৃত ছাত্রদের জন্য হলে আসন প্রাপ্তির সুযোগ সীমিত। সেক্ষেত্রে যেসকল ছাত্র হলে আসন বরাদ্দ পাবে না তাদের নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে। ছাত্রীদের ক্ষেত্রে শতভাগ আসনের নিশ্চয়তা রয়েছে।

**বিশেষ দ্রষ্টব্য:**

i. বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে।
ii. ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬) এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
iii. স্নাতক কোর্সে ভর্তি হওয়া কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হবার পর একাধিক্রমে ০৬ (ছয়) সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে এবং প্রথম ২(দুই) সপ্তাহ ক্লাশে অনুপস্থিত থাকলে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের লেভেল-১ এ অধ্যয়নের সুযোগ থাকবে না।
iv. বিশেষ পরিস্থিতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলে সরকারী নির্দেশনা মোতাবেক সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৭। ভর্তি পরীক্ষার তারিখ, সময়সূচী এবং ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোন ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার ভর্তি কমিটি সংরক্ষণ করে।

**সভাপতি**
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল
চট্টগ্রাম।
(রোড নং- ১৫, সিডিএ আ/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম)
www.dshedirector.chittagongdiv.gov.bd

স্মারক নং মাউশি/আ:/পরি:/কা:/চট্ট:/২০২৬/৫২ তারিখ : ১৫ /০২/ ২০২৬ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়,তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোস্ঠী)] শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন প্রসংগে।

সূত্র : মাউশি স্মারক নং : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-১৮ তারিখ : ০৯-০২-২০২৬ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোস্ঠী)] শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রাহী শিক্ষার্থীদের আগামী ২৫/০৩/২০২৬ তারিখের মধ্যে অধ্যায়নরত শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে।

অতএব, বর্ণিত অবস্থায় মাউশি প্রেরিত পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

15/02/2026
(প্রফেসর মোঃ ফজলুল কাদের চৌধুরী)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,চট্টগ্রাম অঞ্চল
চট্টগ্রাম।
E-mail:directorctg@yahoo.com

স্মারক নং মাউশি/আ:/পরি:/কা:/চট্ট:/২০২৬/ ৫২ (৬) তারিখ : ১৫ /০২/ ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জেষ্ঠ্যতারক্রমানুসারে নয়) :

১। পরিচালক,কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/অর্থ ও ক্রয় ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা;
২। রেজিস্ট্রার (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম;
৩। অধ্যক্ষ (সকল সরকারি ও বেসরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম;
৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম;
৫। জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম;
৬। প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয় ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম;
৭। সংরক্ষণ নথি।

15/02/2026
(প্রফেসর মোঃ ফজলুল কাদের চৌধুরী)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,চট্টগ্রাম অঞ্চল
চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি আপনার হাতে**

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২- ৯৮

তারিখ : ০৯-০২-২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)] শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীরা আগামী ২৫/০৩/২০২৬ তারিখের মধ্যে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে ফরম সংগ্রহপূর্বক উক্ত ফরম নির্ভুলভাবে পূরণ করে তথ্য ফরমে উল্লেখিত শর্তাবলী মোতাবেক প্রয়োজনীয় প্রমাণক কাগজপত্র/তথ্যাদিসহ নিজ নিজ প্রতিষ্ঠানে জমা প্রদান করবে।

আগামী ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্রসমূহ ঢাকা(মিরপুর)/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেটে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর কার্যালয়ে এবং একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের আবেদনপত্র বর্ণিত আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে অগ্রায়ন/প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ-কে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা কার্যালয়ে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হয় না। তাই শিক্ষার্থী কিংবা শিক্ষা প্রতিষ্ঠান থেকে আবেদনপত্র দাখিল/প্রেরণ করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

বি: দ্র:

নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-১'** এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-০২'** পূরণ করে আঞ্চলিক উপপরিচালক/পরিচালক (ঢাকা, মিরপুর/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর ও সিলেট) এর কার্যালয়ে প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র অগ্রায়ণ করবেন।

**# শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠানের নিকট আবেদন জমা দানের শেষ তারিখ : ২৫/০৩/২০২৬ খ্রি.।**

**# প্রতিষ্ঠান কর্তৃক আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে অগ্রায়ণের শেষ তারিখ : ৩১/০৩/২০২৬ খ্রি.।**

**# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে উক্ত আবেদন ফরম ডাউনলোডপূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি : আবেদন 'ফরম নং-০১' ও 'ফরম নং-০২'।

স্বাক্ষরিত/-
(প্রফেসর বি. এম. আব্দুল হান্নান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২- ৯৮/০৯

তারিখ : ০৯-০২-২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০২. রেজিস্ট্রার (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়) ......................................................
০৩. অধ্যক্ষ (সকল সরকারি ও বেসরকারি কলেজ) ......................................................
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ("২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন" শিরোনামে আদেশটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে **এবং স্ক্রলে** প্রকাশের অনুরোধসহ)
০৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়)......................................................
০৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

০৯.০২.২৬
(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

F:\চলমান মেধাবৃত্তির ফাইল\Desktop 01-03-22\সাইফুল ভাই\তফসীলি উপবৃত্তি\Tophshil\২৪-২৫\A.circular\23-24 from. note. fc\nikosh fc upo_ei89.doc

| |
|---|
| **বৃত্তির ক্যাটাগরী/সম্প্রদায়ের নাম**................................................ |
| **(স্পষ্টাক্ষরে লিখতে হবে)** |

## ফরম নং-০২

## সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তির আবেদন ফরম

### একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণি

(অর্থ বছর: ২০........-২০........)

[তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)]

| |
|---|
| আবেদনকারীর ছবি আঠা দিয়ে লাগিয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপরে সত্যায়িত করতে হবে। |

**বরাবর**

**পরিচালক**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা**
**........................................ অঞ্চল, ..........................................**

**মাধ্যম : রেজিস্ট্রার/অধ্যক্ষ,**......................................................................................................................................

**১ম অংশ - শিক্ষার্থী কর্তৃক পূরণীয় :**

১। আবেদনকারীর নাম (ক) বাংলায় : ................................................................ ইংরেজি :.............................................................................

(খ) শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা- গ্রাম : ........................ ডাকঘর :..........................উপজেলা :..........................জেলা :......................

(গ) শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর : .......................................এবং মেইল নম্বর (যদি থাকে) : ...............................................

২। (ক) শিক্ষার্থীর জেন্ডার (ছেলে/মেয়ে):...................................শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নং.............................................. জন্ম তারিখ:..............................

(খ) অধ্যয়নরত শ্রেণি : .............................শ্রেণি রোল নং.............................বর্ষ /পর্ব :...........................বিভাগ/বিষয় : ...........................................

৩। শিক্ষাবর্ষ : ................................. রোল নম্বর : ............................ প্রাতঃ/দিবা: ................................... হল : ...............................................................

৪। ধর্ম : ..............................................................................................................বর্ণ : ............................................................................................

৫। (ক) পিতার নাম (বাংলায়) : ........................................................................ ইংরেজি :.......................................................................................

(খ) পিতার এনআইডি : ........................................................... পেশা : ....................................... মাসিক আয় : ..........................................

(গ) মাতার নাম (বাংলায়) : ........................................................................................ ইংরেজি :.......................................................................

(ঘ) মাতার এনআইডি : ............................................................ পেশা : ....................................... মাসিক আয় : .........................................

৬। পিতা/মাতার অবর্তমানে বৈধ অভিভাবকের তথ্যাদি :

(ঙ) অভিভাবকের নাম (বাংলায়) : ..............................................................., ইংরেজি :..........................................................................

(চ) অভিভাবকের সঙ্গে সম্পর্ক :....................................... অভিভাবকের এনআইডি : .............................................পেশা : .....................................

৭। আবেদনকারী শিক্ষার্থীর অধ্যয়নরত প্রতিষ্ঠান ও পরীক্ষা পাশের বিবরণ :

| পরীক্ষার নাম | কলেজ / বিশ্ববিদ্যালয় | CGPA | পাশের সন | প্রাপ্ত জি.পি.এ /মোট নম্বর | ৪র্থ বিষয় ব্যতীত প্রাপ্ত জি.পি.এ/মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

বি: দ্র: একাদশ, স্নাতক পাস ও সম্মানের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষায় প্রাপ্ত CGPA এবং দ্বাদশ এর ক্ষেত্রে একাদশ ও অন্যান্য শ্রেণি/পর্ব/বর্ষের ক্ষেত্রে কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার প্রাপ্ত নম্বর/CGPA উল্লেখ করতে হবে।

৮। (টিক দিন) ☐ খ্রীস্টান ☐ বৌদ্ধ ☐ তফসিলী (হিন্দু) ☐ সশস্ত্র বাহিনী ☐ উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) ☐ দৃষ্টি প্রতিবন্ধী ☐ প্রতিবন্ধী ☐ অটিস্টিক

৯। অন্য কোন প্রতিষ্ঠান থেকে বৃত্তি/উপবৃত্তি পেয়ে থাকলে তার বিবরণ :

১০। অনলাইন ব্যাংক সংক্রান্ত তথ্য :

(ক) শিক্ষার্থীর (আবেদনকারী হিসাবধারী) নাম (ইংরেজিতে) :..................................................................

**(আবেদনকারী শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে উভয়ের নাম দিতে হবে)**

(খ) ব্যাংকের নাম : ................................................ (গ) শাখার নাম : ..........................................

(ঘ) শাখার রাউটিং নম্বর : ...................................... (ঙ) হিসাব নম্বর (অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে) : ..........................................

১১। আমি শপথ করে বলছি যে, উপরোক্ত বিবরণ সত্য।

..................................................
আবেদনকারীর স্বাক্ষর

**২য় অংশ - প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয় :**

(ক) প্রতিষ্ঠানের স্মারক নং..............................................................................................., তারিখ :..........................................................

(খ) আবেদনকারীর নাম (বাংলায়) : ............................................................................ ইংরেজীঃ.......................................................

(গ) পিতার/অভিভাবকের নাম : ........................................................................................................................................................

(ঘ) অধ্যয়নরত শ্রেণি : ..........................................................., বর্ষ /পর্ব :............................................., বিভাগ/বিষয় : ......................................

(ঙ) শিক্ষা বর্ষ : ................................. রোল নম্বর : ......................................... প্রাতঃ/দিবা : ................................. হল : .................................

(চ) প্রতিষ্ঠানের টেলিফোন নম্বর : ...................................................................., প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর : ........................................

(ছ) প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা :...............................................................................................................................................

(জ) শিক্ষার্থীর দাখিলকৃত ব্যাংক সংক্রান্ত তথ্য সঠিক ও যথাযথ আছে।

..................................................
রেজিস্ট্রার/অধ্যক্ষের স্বাক্ষর ও নামসহ সীল

**শর্তাবলী :**

১. নির্ধারিত তারিখের আগে অথবা পরে দাখিলকৃত সকল আবেদনই বাতিল বলে গন্য হবে।
২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক আলাদা আলাদা ক্যাটাগরী/শ্রেণিভিত্তিক অগ্রায়ণপত্র (ফরওয়ার্ডিং) থাকতে/দিতে হবে।
৩. বিভিন্ন সম্প্রদায় সনাক্ত করণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৪. তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে।
৫. শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
৬. ফরমে প্রতিষ্ঠান প্রধানের টেলিফোন; মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
৭. সকল প্রতিষ্ঠানকে মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম **download** পূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ এবং তথ্য ফরম যথাযথ পূরণ ও প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্তিসহ প্রতিষ্ঠান প্রধানগণ যাচাইপূর্বক অগ্রায়ণপত্রসহ স্ব-স্ব আঞ্চলিক অফিসে আবেদনসমূহ প্রেরণ করবেন।
৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯. চূড়ান্তভাবে নির্বাচিত উপবৃত্তি প্রাপ্তদের নামের তালিকা স্ব-স্ব আঞ্চলিক অফিসের ওয়েবসাইটের উপবৃত্তি সংক্রান্ত নির্ধারিত লিংকে প্রকাশ করবেন।
১০. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম দিতে হবে।
১১. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে, হিসাবটি সচল (Active) থাকতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
১২. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;

বৃত্তির ক্যাটাগরী/সম্প্রদায়ের নাম.......................................
(স্পষ্টাক্ষরে লিখতে হবে)

**ফরম নং-০১**

**সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তির আবেদন ফরম**

**৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি**

(অর্থ বছর: ২০........-২০........)

[তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)]

আবেদনকারীর ছবি আঠা দিয়ে লাগিয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপরে সত্যায়িত করতে হবে।

**বরাবর**
**উপ-পরিচালক**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা**
**........................................ অঞ্চল, ........................................**
মাধ্যম : প্রধান শিক্ষক........................................................................................

**১ম অংশ - শিক্ষার্থী কর্তৃক পূরণীয় :**

১। আবেদনকারীর নাম (ক) বাংলায় : .................................................................. ইংরেজি :..................................................
(খ) শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা- গ্রাম : ..........................ডাকঘর :.........................উপজেলা :..........................জেলা :........................
(গ) শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর : ................................. এবং মেইল নম্বর (যদি থাকে) : ..................................

২। (ক) শিক্ষার্থীর জেন্ডার (ছেলে/মেয়ে):.............................................শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নং.............................................. জন্ম তারিখ :.........................
(খ) অধ্যয়নরত শ্রেণি: .......................শ্রেণি রোল নং:.......................মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা বিভাগ (শুধুমাত্র ৯ম ও ১০ম শ্রেণির ক্ষেত্রে)..............................

৩। শিক্ষাবর্ষ : ................................................................................... প্রাতঃ/দিবা : ...................................................................

৪। ধর্ম : ............................................................................................................ বর্ণ : ..................................................................

৫। (ক) পিতার নাম (বাংলায়) : ........................................................................ ইংরেজি :...................................................................
(খ) পিতার এনআইডি : .................................................... পেশা : .......................................... মাসিক আয় : .......................................
(গ) মাতার নাম (বাংলায়) : ........................................................................................ ইংরেজি :..................................................
(ঘ) মাতার এনআইডি : ......................................................... পেশা : ......................................... মাসিক আয় : ..........................................

৬। পিতা/মাতার অবর্তমানে বৈধ অভিভাবকের তথ্যাদি :
(ঙ) অভিভাবকের নাম (বাংলায়) : ......................................................................, ইংরেজি :..........................................................
(চ) অভিভাবকের সঙ্গে সম্পর্ক :.......................................... অভিভাবকের এনআইডি : ..........................................পেশা : .......................................

৭। আবেদনকারী শিক্ষার্থীর অধ্যয়নরত প্রতিষ্ঠান ও পরীক্ষা পাশের বিবরণ :

| বিদ্যালয়ের নাম ও EIIN নং | জেলা ও উপজেলা | পরীক্ষার নাম | পাশের সন | আই ডি/রেজিং নং (PSC/JSC- যদি থাকে) | মোট নম্বর | ৪র্থ বিষয় ব্যতীত মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

বি: দ্র: ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির শিক্ষার্থীর ক্ষেত্রে যথাক্রমে PSC ও JSC পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং অন্যান্য শ্রেণির ক্ষেত্রে পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার ফলাফল প্রযোজ্য ক্ষেত্রে উল্লেখ করতে হবে।

৮। (টিক দিন) ☐ খ্রীস্টান ☐ বৌদ্ধ ☐ তফসিলী (হিন্দু) ☐ সশস্ত্র বাহিনী ☐ উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) ☐ দৃষ্টি প্রতিবন্ধী ☐ প্রতিবন্ধী ☐ অটিস্টিক

৯। অন্য কোন প্রতিষ্ঠান থেকে বৃত্তি/উপবৃত্তি পেয়ে থাকলে তার বিবরণ :

১০। অনলাইন ব্যাংক সংক্রান্ত তথ্য :
(ক) শিক্ষার্থীর (আবেদনকারী হিসাবধারী) নাম (ইংরেজিতে) :..................................................................................................

**(আবেদনকারী শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে উভয়ের নাম দিতে হবে)**

(খ) ব্যাংকের নাম : ............................................ (গ) শাখার নাম : ........................................
(ঘ) শাখার রাউটিং নম্বর : ........................................ (ঙ) হিসাব নম্বর (অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে) : ..................................

১১। আমি শপথ করে বলছি যে, উপরোক্ত বিবরণ সত্য।

........................................
আবেদনকারীর স্বাক্ষর

**২য় অংশ - প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয় :**

(ক) প্রতিষ্ঠানের স্মারক নং.................................................................................................., তারিখ :............................................
(খ) আবেদনকারীর নাম (বাংলায়) : ......................................................................... ইংরেজি.......................................................
(গ) পিতার/অভিভাবকের নাম : .......................................................................................................................................
(ঘ) অধ্যয়নরত শ্রেণি : ....................................... বিভাগ/বিষয় :বিজ্ঞান / মানবিক / ব্যবসায় শিক্ষা (৯ম/১০ম শ্রেণির ক্ষেত্রে প্রযোজ্য)..........................
(ঙ) শিক্ষা বর্ষ : ...................................... রোল নম্বর : ........................................ প্রাতঃ/দিবা : ..............................................................
(চ) প্রতিষ্ঠানের টেলিফোন নম্বর :................................................................. প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর : .........................................
(ছ) প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা :.................................................................................................................................
(জ) শিক্ষার্থীর দাখিলকৃত ব্যাংক সংক্রান্ত তথ্য সঠিক ও যথাযথ আছে।

..................................................
(প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও নামসহ সীল)

**শর্তাবলী :**

১. নির্ধারিত তারিখের আগে অথবা পরে দাখিলকৃত সকল আবেদনই বাতিল বলে গন্য হবে।
২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক আলাদা আলাদা ক্যাটাগরি/শ্রেণিভিত্তিক অগ্রায়ণপত্র (ফরওয়ার্ডিং) দিতে হবে।
৩. বিভিন্ন সম্প্রদায় সনাক্ত করণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৪. তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে।
৫. শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
৬. ফরমে প্রতিষ্ঠান প্রধানের টেলিফোন; মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
৭. সকল প্রতিষ্ঠানকে মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম **download** পূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ এবং তথ্য ফরম যথাযথ পুরণ ও প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্তিসহ প্রতিষ্ঠান প্রধানগণ যাচাইপূর্বক অগ্রায়ণপত্রসহ স্ব-স্ব আঞ্চলিক অফিসে আবেদনসমূহ প্রেরণ করবেন।
৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯. চূড়ান্তভাবে নির্বাচিত উপবৃত্তি প্রাপ্তদের নামের তালিকা স্ব-স্ব আঞ্চলিক অফিসের ওয়েবসাইটে প্রকাশ করবেন।
১০. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম দিতে হবে।
১১. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে, হিসাবটি সচল (Active) থাকতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
১২. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;